**চসিকের ১৫ তম সাধারণ সভাড মেয়র**
**যেকোন ম‚ল্যে উন্নত নাগরিক সেবা নিশ্চিত করতে হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবাম‚লক প্রতিষ্ঠান। নাগরিক সেবার মান কি ভাবে বৃদ্ধি করা যায় সে দিকে সব সময় গুরুত্ব দিতে হবে। নাগরিকদের জীবন মান কতটুকু উন্নততর করা গেল কাউন্সিলরদের জনপ্রতিনিধি হিসেবে সেদিকে দৃষ্টি রাখতে হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে একটি পরিবেশ বান্ধব স্মার্ট সিটিতে পরিণত করাই হবে এই পরিষদের ম‚ল লক্ষ্য। আজ বৃহস্পতিবার নগরীর আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে চসিক ষষ্ঠ পরিষদের ১৫ তম সাধারণ সভায় সভাপতির বক্তব্যে মেয়র এই অভিমত ব্যক্ত করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন প্যানেল মেয়র আব্দুস সবুর লিটন, মোহাম্মদ গিয়াস উদ্দিন, সচিব খালেদ মাহমুদসহ অন্যান্য কাউন্সিলর, বিভাগীয় ও শাখা প্রধানগণ। মেয়র আরো বলেন,ন গরীর প্রধান সমস্যা জলাবদ্ধতা হলেও জনগণের প্রধান ভোগান্তি এখন মশার উৎপাত। এই বিষয়টিকে চিহ্নিত করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ইতোমধ্যে মশক নিধনের জন্য আলাদা শাখা এবং একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করেছে। এ শাখাটি সম্প‚র্ণ মশক নিধন কাজে নিয়োজিত থাকবে। মশার ওষুধ প্রয়োগ করা, মশক প্রজনন ক্ষেত্র সম‚হ ধ্বংস করা এবং ঝোপঝাড় পরিষ্কার করাই হবে এ শাখার মুখ্য কাজ। পরিচ্ছন্ন বিভাগের অন্য কোন সংশ্লিষ্ট কাজে তাদের ব্যবহার করা যাবে না।
তিনি নগরীর পরিচ্ছন্নতার উপর অসন্তুষ্টি প্রকাশ করে বলেন, ডোর টু ডোডে যেসব সেবক কাজ করে তাদের ওয়ার্ডওয়ারী তালিকা আগামী সাধারণ সভার আগে উপস্থাপন করতে হবে। এদের মধ্যে কেউ কাজ না করে বেতন গ্রহণের যে অভিযোগ আছে তা প্রমাণিত হলে তাদেরকে চাকরীচ্যুত করা হবে বলেও জানান।
নগরীর আলোকায়ন প্রসঙ্গে মেয়র বলেন, আসন্ন রমজানের ঈদের আগে নগরীর সড়ক বাতির পোস্টগুলোতে কোন-কোনটিতে বাতি না জ্বললে সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তি ম‚লক ব্যবস্থা নেয়া হবে। তিনি চট্টগ্রাম সিটি করপোরেশনকে ¯^াবলম্বী করার উপর গুরুত্ব দিয়ে বলেন, সিটি কর্পোরেশনের যে সকল খাত থেকে আইনগত কর, টোল আদায় করার সুযোগ আছে সেই সুযোগ কাজে লাগানো এবং চসিকের যে সম্পত্তিগুলো অব্যবহৃত আছে তা ডেভেলপারদের দিয়ে উন্নয়ন করার আইনগত কোনো সুযোগ আছে কিনা তা খতিয়ে দেখার নির্দেশ প্রদান করেন ।
মেয়র যান্ত্রিক শাখার যে গাড়িগুলো অকেজো আছে সে গাড়িগুলো নিলামে বিক্রি করাসহ মেরামতযোগ্য গাড়িগুলো দ্রুত মেরামতের জন্য পদক্ষেপ নেয়ার উপর গুরুত্বারোপ করেন। চট্টগ্রাম নগরীর উন্নয়নে ২৪৯৫ কোটি টাকার সড়ক উন্নয়ন, ব্রীজ ও কালভার্ট নির্মাণ প্রকল্প এবং বারইপাড়া খাল খনন প্রকল্পের ১৩৭০ কোটি টাকা কোন ম্যাচিং ব্যতিরেকে অনুমোদন প্রদান করায় সাধারণ সভায় প্রধানমন্ত্রী ও স্থানীয় সরকার মন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। এ প্রকল্পগুলো বাস্তবায়নের ক্ষেত্রে চসিকের কাউন্সিলর এবং সংশ্লিষ্ট বিভাগকে দায়িত্ব নিয়ে আন্তরিকভাবে কাজ করার আহŸান জানান। তিনি আরো জানান, ১৫ জুন থেকে ২১ জুনের মধ্যে যে জনশুমারি হবে তাতে কাউন্সিলরদের সাথে সমš^য়ের মাধ্যমে সঠিক তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য পরিসংখ্যান বিভাগকে সহযোগিতার আহবান জানান। মেয়র নগরীর সড়ক গুলোর যেখানে খানাখন্দক আছে তা ঈদের পুর্বে মেরামত করার জন্য নির্দেশ দেন। তিনি নগরীর ৪১টি ওয়ার্ড কাউন্সিলরদের তত্ত¡াবধানে একটি করে ঈদ জামাত অনুষ্ঠিত হবে বলে জানিয়ে বলেন, সম্মানিত মুসল্লীরা ¯^াস্থ্যবিধি মেনে ঈদ জামাতে নিবিঘেœ অংশ গ্রহন করতে পারে সেদিকে লক্ষ্ল রাখার আহŸান জানান। মেয়র চট্টগ্রাম নগরীতে বিদ্যমান সকল সেবা সংস্থাকে তাদের কাজের সমš^য়ের উপর পুণঃ গুরুত্ব আরোপ করেন।

**ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে মেয়র**
**দুঃখী মানুষের পাশে দাঁড়াতে পারে একমাত্র আওয়ামী লীগ কর্মীরাই**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সারাবিশ্বে করোনা ভাইরাস মানুষকে একটি শিক্ষা দিয়ে গেছে। তাহলো অর্থ, বিত্ত, সম্পদ, টাকা পয়সা শেষ পর্যন্ত কোন কাজে লাগে না। দুঃখী মানুষের পাশে দাঁড়াতে পারলেই সম্পদ সঠিক মূল্যায়ন হয়। করোনা মহামারী যখন ব্যাপক রূপ লাভ করেছিল তখন মা সন্তানের পাশে ছিল না, আত্বীয় ¯^জনও নিজেদের দূরে সরিয়ে রেখেছিল। কিন্তু এই কঠিন পরিস্থিতিতেও আওয়ামী লীগ তথা বঙ্গবন্ধুর সৈনিকেরা মাঠে থেকে করোনা আক্রান্ত ও সাধারণ মানুষের সেবা দিয়ে গেছে। এখানেই অন্যান্য দলের লোকদের সাথে আওয়ামী লীগ কর্মীদের পার্থক্য। রাজনৈতিক কর্মীদের একটাই লক্ষ্য হওয়া উচিত তা হচ্ছে দুঃখী মানুষের পাশে দাঁড়ানো। তিনি আজ বুধবার সকালে একটি কমিউনিটি সেন্টারে বাগমনিরাম ওয়ার্ডে প্যানেল মেয়র কাউন্সিলর মোহাম্মদ গিয়াস উদ্দিনের ব্যক্তিগত তহবিল থেকে ঈদ উপহার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।
গিয়াস উদ্দিনের সভাপতিত্বে সাবেক ছাত্রনেতা আহিল সিরাজের সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা সৈয়দ আবুল বশর, হাসান মনসুর, শাহজাহান রতন, ডাক্তার লিয়াকত আলী খান, সেকান্দর কবির, আব্দুল ওয়াদুদ আরজু, মোহাম্মদ নাসির উদ্দিন, শিশির দে, নুরুল আবসার ইসমাইল, মোঃ সেলিম উদ্দিন, মাহমুদ জুয়েল প্রমুখ।
মেয়র আরও বলেন, সরকার একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার মাধ্যমে জাতির পিতার লালিত ¯^প্ন বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে গৃহহীন ভূমিহীন পরিবারের মধ্যে জমি ও ঘর বিতরণ এবং আর্থিকভাবে সচ্ছল করার জন্য নানা ধরনের কর্মসূচি গ্রহণ করেছে এবং পবিত্র রমজান মাসে খাদ্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ক্রয় করতে পারে সেজন্য ভর্তুকি মূল্যে দেশের এক কোটি মানুষকে কার্ডের আওতায় এনে নিত্য প্রয়োজনীয় পণ্য সরবরাহ করেছে। চট্টগ্রামেও সেই কর্মসূচির অংশ হিসেবে পাঁচ লক্ষ পরিবারকে সহায়তা প্রদান করা হয়েছে বলে মেয়র উল্লেখ করেন। তিনি প্রতিবেশি, নিকটজন ও আর্থিক অসচ্ছল ব্যক্তিদের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে সবাইকে আহŸান জানান।

**চসিক আয়োজিত পবিত্র ঈদুল ফিতরের**
**জামাতের সময়সূচি**

পবিত্র ঈদুল ফিতরের ঈদ জামাতের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ঈদুল ফিতরের জামাতের প্রথম ও প্রধান জামাত সকাল ৮ টায় জাতীয় মসজিদ জমিয়তুল ফালাহ্ জাতীয় মসজিদে অনুষ্ঠিত হবে। দ্বিতীয় জামাত হবে সকাল ৯টায়। প্রথম জামাতে ইমামতি করবেন

জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদের খতিব আল্লামা সৈয়দ আবু তালেব মোহাম্মদ আলাউদ্দীন আল কাদেরী এবং দ্বিতীয় জামাতে ইমামতি করবেন পেশ ইমাম হাফেজ মৌলানা আহমদুল হক। লালদীঘি সিটি কর্পোরেশন শাহী জামে মসজিদে ঈদ জামাত অনুষ্ঠিত হবে সকাল ৮ টায়। নগরীতে সিটি কর্পোরেশনের তত্ত্¡াবধানে সকাল ৮টায় সুগন্ধা আবাসিক এলাকা জামে মসজিদ, হযরত শেখ ফরিদ (রা.) চশমা ঈদগাহ মসজিদ, চশবাজার সিটি কর্পোরেশন জামে মসজিদ, জহুর হর্কাস মার্কেট জামে মসজিদ, দক্ষিণ খুলশী (ভিআইপি) আবাসিক এলাকা জামে মসজিদ, আরেফীন নগর কেন্দ্রীয় কবরস্থান জামে মসজিদ, সাগরিকা গরুবাজার জামে মসজিদ ও মা আয়েশা সিদ্দিকী জামে মসজিদ (সাগরিকা জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম সংলগ্ন) ঈদ জামাত অনুষ্ঠিত হবে। এছাড়াও নগরীর ৪১টি ওয়ার্ডে সল্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলগণের তত্ত্¡াবধানে একটি করে প্রধান ঈদ জামাত স্ব স্ব মসজিদ বা ঈদগাহে অনুষ্ঠিত হবে।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩